

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

দামপাড়া শাখা, হোল্ডিং নং- ১১৫/১৩৪, এম.এম.আলী রোড, ওয়াসা মোড়, দামপাড়া, চট্টগ্রাম।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, দামপাড়া শাখার ঋণগ্রহীতা মেসার্স আলম এন্টারপ্রাইজ, ২৩৬, নুরুল আবছার চৌধুরী মার্কেট, খাতুনগঞ্জ, থানা- কোতোয়ালী, জেলা- চট্টগ্রাম, মালিক- জনাব সাইফুল আজম চৌধুরী, পিতা- মরহুম নুরুল আবছার চৌধুরী, এন.এম.সি. হাউস, খাজা রোড, ডাকঘর ও থানা- চান্দগাঁও, জেলা- চট্টগ্রাম, কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংকে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০.০৪.২০১৬ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ২০,৪০,১২,২৯০.০২ (বিশ কোটি চল্লিশ লক্ষ বার হাজার দুইশত ঠানব্বই টাকা দুই পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

০১। জেলা- চট্টগ্রাম, থানা- কোতোয়ালী, মৌজা-পাথরঘাটা, আর.এস.-১৬৮ নং খতিয়ানের আর.এস.-১৪৮৯ নং দাগের (উত্তরাংশ) আন্দর সামিল পি.এস. ৬৩৬ নং খতিয়ানের পি.এস.১৫৮১ নং দাগের আন্দর তৎসামিল বি.এস. ৩৩৮ নং খতিয়ানের বি.এস. ২০৩০ নং দাগের ০.০৭৫৯ একর জমি ও তদুপরিস্থিত দুই তলা বিশিষ্ট ভবন যাহা নুরুল আবছার মার্কেট হিসাবে পরিচিত।

০২। জেলা- চট্টগ্রাম, থানা- সাবেক পাঁচলাইশ হালে চান্দগাঁও, মৌজা- চান্দগাঁও, আর.এস.-৯৪৮, ১১০৪, ৩১৬৩, ৯৫৫ এবং ৩১৫০ নং খতিয়ানাদির আর.এস.-১৬৫০২, ০৬৫০৩, ১৬৪৭৪, ১৬৪৭৩, এবং ১৬৪৫৫ নং দাগাদির আন্দর সামিল পি.এস. ৫৫০৮, ৫৫০৯, ৫৫১২, ৫৫১৩ এবং ৫৫৩১ নং খতিয়ানাদির পি.এস. ১৯১০৭, ১৯১০৮, ১৯১১২, ১৯১১৫, ১৯১৫৩ এবং ১৯১৫৪ নং দাগাদির আন্দর তৎসামিল বি.এস. ২৪২৫ নং খতিয়ানের বি.এস. ১৬৪৭০, ১৬৪৮৯, ১৬৪৯৩ এবং ১৬৪৯৭ নং দাগাদির ১.০৬ একর জমি।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ০২/০৬/২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, দামপাড়া শাখায় রক্ষিত বাঞ্ছিত সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, দামপাড়া শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাণ্ড বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, দামপাড়া শাখা, চট্টগ্রাম।